

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
১৩ নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী
মৎস্য ভবন, রমনা, ঢাকা

নথি নং- এবিব্যা/সপ-২/বিবিধ/১৯১(অংশ)১০০৭-১৯১

তারিখ : ০৪/০৫/২০১০ খ্রিঃ


অফিস আদেশ

প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং- ৩৩.৪৩.২৭.০০.০০.০১.২০০০-১০৭ তারিখ ২০০১ এর অনুচ্ছেদ ৫ এর (ট) মোতাবেক জেলাপ্রশাসকগণ এনজিও বিষয়ক ব্যুরোর পক্ষে তাঁদের নিজ নিজ এলাকার এনজিওদের কার্যক্রম পরিবীক্ষণের দায়িত্ব পালন করে থাকেন। এনজিও বিষয়ক ব্যুরো হতে প্রকল্প অনুমোদন পত্রে অন্যান্য শর্তের মধ্যে দুটি বিষয় অত্যন্ত গুরুত্বের সাথে উল্লেখ করা হয়। প্রথমতঃ অনুমোদিত প্রকল্প প্রস্তুতাব (এফডি-৬) এনজিওসমূহ প্রকল্প অনুমোদন হওয়ামাত্র জেলা প্রশাসকগণকে সরবরাহ করবে এবং দ্বিতীয়তঃ প্রকল্প বাস্তবায়নে স্থানীয় প্রশাসন ও দপ্তরগুলোকে কার্যকরভাবে সম্পৃক্ত করবে। কার্যকরভাবে সম্পৃক্ত করার উদ্দেশ্য হলো যে সকল প্রকার দ্বৈততারোধ করা সহ সম্পদের সুষ্ঠু ব্যবহার। জেলাপ্রশাসকগণ প্রতিমাসে সমন্বয় সভার আহ্বান করে থাকেন। জেলা প্রশাসকগণের পত্র ও সভার কার্য বিবরণী পর্যালোচনা করে দেখা গেছে যে কিছু কিছু এনজিও জেলা প্রশাসকের কার্যালয় নিয়মিতভাবে নিদ্বারিত ছকে তথ্য প্রদান করে না। অনেক সময় এসব ছকে তথ্য সুনির্দিষ্ট ও স্পষ্টভাবে সন্নিবেশিত হয় না। উদ্বেগের সাথে আরো লক্ষ্য করা গেছে যে জেলা প্রশাসকগণের সভায় এনজিও/মাঠ পর্যায়ের এনজিও শাখা কর্মকর্তাগণ নিয়মিত উপস্থিত থাকেন না। অনেক ক্ষেত্রে উপস্থিত থাকলেও যথাযথ প্রতিনিধিত্ব হয় না। এ কারণে মাসিক সভায় সকল বিষয়ে সঠিক তথ্য ও উপাত্ত তুলে ধরা সম্ভব হয় না এবং জেলা প্রশাসকসহ মাঠ পর্যায়ের সরকারী দপ্তরগুলো প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে পারেন না। ফলশ্রুতিতে সভার উদ্দেশ্য বহুলাংশে ব্যাহত হয়। এসমুদয় বিষয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের উপরে বর্ণিত পরিপত্রের পরিপন্থী এবং এনজিও কর্মকাণ্ডে অস্বচ্ছতার নামান্তর। এ বিষয়গুলো চলতে থাকলে সংশ্লিষ্ট এনজিওর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণে অনবর্য হয়ে পড়ে।

০২। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ নির্দেশনার পুনরোল্লেখ করা হল :

- ক) এনজিওসমূহ অনুমোদিত প্রকল্পের এফডি-৬ প্রকল্প অনুমোদন হওয়ামাত্র প্রকল্প এলাকা সংশ্লিষ্ট সকল জেলা প্রশাসকগণকে বিতরণ করবে;
- খ) এনজিওসমূহ প্রকল্প বাস্তবায়নে স্থানীয় প্রশাসন ও কর্মসূচি সংশ্লিষ্ট মাঠপর্যায়ের সকল দপ্তরকে কার্যকরভাবে সম্পৃক্ত করবে;
- গ) জেলাপ্রশাসকের সভায় ব্যবহৃত ছক সঠিকভাবে পূরণ করে তা নিয়মিত সরবরাহ করবে;
- ঘ) জেলা প্রশাসকের মাসিক সভায় সকল এনজিও যথাযথ প্রতিনিধিত্ব করবে।

০৩। অনুচ্ছেদ-০২ এ বর্ণিত নির্দেশনাসমূহ একনিষ্ঠতার সাথে প্রতিপালনের জন্য সকল এনজিওকে পুনরায় অনুরোধ করা হল।


(মুশতাক হাসান মুহঃ ইফতিখার)

মহাপরিচালক

ফোন- ৯৫৬২৮৩৭

email- dg@ngoab.gov.bd

বিতরণ :

- ০১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, (সকল), ই-মেইলের মাধ্যমে
- ০৩। পরিচালক (সকল), এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, রমনা, ঢাকা।
- ০৪। সহকারী পরিচালক/এসাইনমেন্ট অফিসার (সকল), এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, রমনা, ঢাকা।
- ০৫। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, রমনা, ঢাকা (তাকে ওয়েব সাইটে আপলোড এবং ই-মেইলের মাধ্যমে সকল এনজিও এবং জেলা প্রশাসককে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা,(সকল), ই-মেইলের মাধ্যমে
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধান মন্ত্রীর কার্যালয়, রমনা, ঢাকা।
- ০৮। এনজিও বিষয়ক ব্যুরোর নোটিশ বোর্ডে।